

ওরে বকুল পারুল, ওরে শালপিয়ালের বন,  
কোন্‌খানে আজ পাই  
আমার মনের মতো ঠাই  
যেথায় আমার ফাগুন ভরে দেব দিয়ে আমার মন,  
দিয়ে আমার সকল মন ॥

সারা গগনতলে তুমুল রঙের কোলাহলে  
তোদের মাতামাতির নেই যে বিরাম কোথাও অনুক্ষণ,  
নেই একটি বিরল ক্ষণ  
যেথায় আমার ফাগুন ভরে দেব দিয়ে আমার মন,  
দিয়ে আমার সকল মন ॥

ওরে বকুল পারুল, ওরে শালপিয়ালের বন,  
আকাশ নিবিড় করে  
তোরা দাঁড়াস নে ভিড় করে  
আমি চাই নে এমন গন্ধ রঙের বিপুল আয়োজন ।  
অকুল অবকাশে  
যেথায় স্বপ্নকমল ভাসে  
এমন দে আমারে একটি আমার গগন-জোড়া কোণ,  
যেথায় আমার ফাগুন ভরে দেব দিয়ে আমার মন—  
দিয়ে আমার সকল মন ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Raag/Style: Bahar-Kirtan  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail